



শিক্ষকদের ১২ দফা দাবি বাস্তবায়নের লক্ষে) মঙ্গলবার জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি মানববন্ধন করে

১২ দফা দাবিতে প্রাথমিক শিক্ষকদের মানববন্ধন

সংবাদ রিপোর্ট

১২ দফা দাবিতে মানববন্ধন করেছেন বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সদস্যরা। মঙ্গলবার দুপুরে জাতীয় প্রেসক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে শিক্ষক নেতারা দাবি জানান, শতভাগ ভর্তি নিশ্চিত ও ভর্তিকৃত শিশুদের পঞ্চম শ্রেণী পর্যন্ত ধরে রাখার স্বার্থে জাতীয় শিক্ষানীতি-২০১০ বাস্তবায়ন এবং ২০১০ সালে অবকাঠামো আছে এমন প্রত্যেক ইউনিয়নে একটি করে প্রাথমিক বিদ্যালয়ে বই শ্রেণী চালু করতে হবে। এছাড়া প্রাথমিক শিক্ষার উন্নয়নের স্বার্থে সহকারী শিক্ষক পদকে এন্ট্রিপদ ধরে সহকারী প্রধান শিক্ষকের স্ট্রিপদ কার্যকর করা এবং প্রধান শিক্ষক পদকে সেকেন্ডেড মর্যাদা দিয়ে জোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে পরিচালক পর্যন্ত ১০০ ডায় পদোন্নতিসহ সরকার ঘোষিত পূর্বক বৃত্ত বোর্ড স্কুলের প্রতিশ্রুতি বাস্তবায়নসহ ১২ দফা বাস্তবায়নের দাবি জানান রক্তারা।

এ সময় বক্তারা বলেন, দাবি আদায় না হলে আগামী ১৫-২০ ডিসেম্বর সব প্রাথমিক শিক্ষক-শিক্ষিকা প্রধানমন্ত্রী মোবাইল নারারে অনারেকল প্রাইম মিনিষ্টার গভর্নমেন্ট অব দ্য পিপলস রিপাবলিক অব বাংলাদেশ ব্লিঙ্ক ইমপ্রিমেন্ট দ্য ১২ পয়েন্ট অব বাংলাদেশ প্রাইমারি টিচার্স অ্যাসোসিয়েশন' এমএমএস পাঠাবেন।

এছাড়াও চট্টগ্রাম ও বরিশালে ২১ ডিসেম্বর, রাজশাহী ও সিলেটে ২৩ ডিসেম্বর, রংপুর, কুলনায় ২৫ ডিসেম্বর এবং ২৮ ডিসেম্বর ঢাকায় কর্মী সমাবেশের কর্মসূচি দিয়েছে সমিতি। সরকারকে অশ্রুমেটাম দিয়ে শিক্ষক নেতারা বলেন, আগামী ২৭ ডিসেম্বরের মধ্যে ১২ দফা দাবি বাস্তবায়িত না হলে ২৮ ডিসেম্বর সংবাদ সঞ্চালনের মাধ্যমে কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।